বিস্ফোরক পরিদপ্তর

ফরম 'চ'

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি

১১১ দ্রষ্টব্য]

www.explosives.com.bd

এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকার রাখিবার লাইসেন্স

লাইসেন্স নং: ২৪০-২(চ)-১৯৮৩ ফি : ১০০০ টাকা

এতদ্দ্বারা *ট্রাইডেন্ট সাইকেল কোম্পানী লিমিটেড, সেক্টর-৩, প্লট নং #৩৪, কেইপিজেড, উত্তর পতেঙ্গা, থানা: পতেঙ্গা, জেলা: চট্টগ্রাম* কে, Explosives Act, ১৮৮৪ (IV of ১৮৮৪) ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিুবর্ণিত প্রাংগণে ৪৫০ কেজি এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

আবেদন নং- ১৫৫৯৬৪
তারিখঃ ০৫-১২-২০১৬ খ্রিঃ
নকশা নং- ২৪০-২(চ)-১৯৮৩

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ
মোঃ তোফাজ্জল হোসেন
বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম

লাইসেন্সকৃত প্রাঙ্গণের অবস্থান ও বর্ণনা

আমি এই মর্মে প্রত্যয়ণ করিতেছি যে, এতদ্দারা লাইসেন্সকৃত প্রাঙ্গণটি ..... তারিখে ..... কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি প্রাঙ্গণটি এতদসংযুক্ত অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত এবং বিধি এর পরিপালন দেখিতে পাইয়াছেন মর্মে প্রত্যায়ন করিয়াছেন।

নবায়নের তারিখ	মেয়াদ উত্তীর্ণের তারিখ	লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর
১৩-১২-২০২৩	৩১-১২-২০২৪	মোঃ তোফাজ্জল হোসেন বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম

পরিদর্শনকালে এতদসংযুক্ত বর্ণনা ও শর্তাবলী অনুসারে লাইসেন্সকৃত প্রাঙ্গণ পরিদৃষ্ট না হইলে এই লাইসেন্স বাতিল হইয়া যাইবে এবং যে সমস্ত বিধি ও শর্তাবলীর অধীন এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার কোন একটির লংঘনের প্রথম অপরাধের জন্য তিন মাস পর্যন্ত জেল বা পাঁচ হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়বিধ দণ্ড আরোপ করা যাইতে পারে এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ছয় মাস পর্যন্ত জেল বা দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয়বিধ দণ্ড আরোপ করা যাইতে পারে।

শর্তাবলী

১। অদাহ্য বস্তু দ্বারা নির্মিত মজুদাগারে এই লাইসেন্সের সহিত সংযুক্ত অনুমোদিত নকশায় এলপিজিপূর্ণ নিখুঁত সিলিন্ডার মজুদ করিতে হইবে।

২। গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে লাইসেন্সকৃত প্রাংগণ ব্যবহার করা যাইবে না।

৩। মজুদাগার হইতে বায়ু নির্গমনের জন্য উহার মেঝের কাছাকাছি দেয়ালে এবং ছাদে বা ছাদসংলগ্ন দেয়ালে পযাপ্ত নির্গমন পথ থাকিবে। বায়ু নির্গমন পথগুলি তামার তৈরী জাল বা অনুরূপ জাল দ্বারা আচ্ছাদিত করিতে হইবে। এইরূপ জালের প্রতি সেন্টিমিটারে অন্যূন ১১টি ফাঁস থাকিবে।

৪। ১০০ হইতে ৫০০ কিলোগ্রাম এলপিজি এর মজুদাগার কোন ভবনের অংশ বিশেষ বা উহার সংলগ্ন হইলে, মজুদাগার উক্ত ভবন হইতে মজবুত প্রাচীর দ্বারা পৃথকীকৃত হইতে হইবে এবং মজুদাগারের প্রবেশের জন্য সরাসরি এবং স্বতন্ত্র পথ থাকিবে। এইরূপ মজুদাগার সিঁড়ির নীচে অবস্থিত হইবে না।